সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
Human Resource Development Division (HRDD)
Head Office (5th Floor), 35-42, 44 Motijheel C/A, Dhaka-1000, Bangladesh.
PHONE : 0222-3388175 (DGM), 0222-3387891 (AGM)
PABX : 2025 (DGM), 3251, 3252, 3246 (AGM), 3247,3250 (SPO)
E-mail : dgmhrdd@sonalibank.com.bd
Website : www.sonalibank.com.bd

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

নং-এইচআরডিডি/৩৯৯/২৭৮৩

তারিখ: ১৪ পৌষ, ১৪২৯
২৯ ডিসেম্বর, ২০২২

সকল কার্যালয়/শাখা প্রধান
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

দৃষ্টি আকর্ষণ
ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, জিএম অফিস।

বিষয়: **ব্যাংকে শুদ্ধাচার প্রতিষ্ঠায় শাখা/কার্যালয়ে সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ।**

মহোদয়,

প্রাসঙ্গিক বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক এর সচিব বিভাগ (শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল) কর্তৃক প্রণীত ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

২.০০: শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সেল, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার প্রেক্ষিতে এ ব্যাংকের ২০২২-২০২৩ অর্থবছরের আঞ্চলিক/মাঠ পর্যায়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩.১নং অনুচ্ছেদে সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে।

৩.০০: এমতাবস্থায়, রেজিষ্টারে এ ব্যাংক কর্তৃক প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করার জন্য ব্যাংকের সকল শাখা/কার্যালয়কে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

(বীথি আক্তার)
ডেপুটি জেনারেল ম্যানেজার

(মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী)
জেনারেল ম্যানেজার

(c3) internal letter-Marouf NIS - 2022-23+

প্রথম আলো

নগর সংস্করণ

বৃহস্পতিবার

২৯ ডিসেম্বর ২০২২

১৪ পৌষ ১৪২৯, ৪ জমাদিউস সানি ১৪৪৪

মোট ১৬ পৃষ্ঠা। দাম ৳১২


# গ্রাহকের তথ্য হালনাগাদকরণের বিজ্ঞপ্তি

উন্নত ও আধুনিক প্রযুক্তি নির্ভর গ্রাহক সেবা নিশ্চিত করার লক্ষ্যে গ্রাহকের মৌলিক তথ্য {(গ্রাহকের নাম, পিতার নাম, মাতার নাম, ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, নমিনীর তথ্য ও মোবাইল নম্বর (যদি থাকে) ইত্যাদি} সংশোধন/হালনাগাদের জন্য সোনালী ব্যাংক লিমিটেড এর সম্মানিত গ্রাহকদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- সোনালী ব্যাংক লিমিটেড এর গ্রাহক হিসাবের তথ্য হালনাগাদ করা হচ্ছে।
- ইতোপূর্বে যে সকল গ্রাহক স্বীয় জাতীয় পরিচয়পত্রসহ শাখায় যোগাযোগ করেননি তাদেরকে নিজ নিজ ব্যাংক শাখায় যোগাযোগ করে হিসাবের তথ্য হালনাগাদকরণে সহযোগিতা করার জন্য সনির্বন্ধ অনুরোধ করা হলো।
- সঠিক ও পূর্ণাঙ্গ তথ্যের অভাবে সম্মানিত গ্রাহকের হিসাবের লেনদেন ব্যাহত হতে পারে।

**সোনালী ব্যাংক লিমিটেড**

উদ্ভাবনী ব্যাংকিং এ আপনার বিশ্বস্ত সঙ্গী

www.sonalibank.com.bd

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ৩৫-৪২, ৪৪ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
Human Resource Development Division (HRDD)
Head Office (5th Floor), 35-42, 44 Motijheel C/A, Dhaka-1000, Bangladesh.
PHONE : 0222-3388175 (DGM), 0222-3387891 (AGM)
PABX : 2025 (DGM), 3251, 3252, 3246 (AGM), 3247,3250 (SPO)
E-mail : dgmhrdd@sonalibank.com.bd
Website : www.sonalibank.com.bd

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার সোনালী ব্যাংক হবে সবার"

নং-**এইচআরডিডি/৩৯৯/৪৩**

তারিখ : ২৪ পৌষ, ১৪২৯
**০৮ জানুয়ারি, ২০২৩**

সচিব
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

**দৃঃ আঃ** - জনাব মীনাক্ষী বর্মন
উপসচিব, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা।

বিষয়: **জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার কার্যক্রম বাস্তবায়ন।**

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখার ২৮/১২/২০২২ তারিখের ৫৩.০০.০০০০.২২৩.০৬.০০৩.১৮.৫ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক শাখার ০৪/০১/২০২৩ তারিখের ৫৩.০০.০০০০.৩১২.৯৯.০০১.১৯.৫ সংখ্যক স্মারকের সূত্র উল্লেখ্য।

২.০০: সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার অনুচ্ছেদ ৩.৪ এর "জালিয়াতি রোধ, ব্যাংক ও গ্রাহকের ব্যয় হ্রাস ও চেক হারানোর ঝুঁকি কমানোর পদ্ধতি প্রবর্তন" সংক্রান্ত সূচকের ২য় প্রান্তিক অগ্রগতি নিম্নে উল্লেখ করা হলো:

| | |
|---|---|
| **জালিয়াতি রোধ :** | জালিয়াতি রোধে সোনালী ব্যাংক লিমিটেড কর্তৃক ২৭/১১/২০২২ তারিখে শৃঙ্খলাজনিত শাস্তিমূলক ব্যবস্থা প্রক্রিয়াকরণ ও নিষ্পত্তিকরণ বিষয়ক নীতিমালা (প্রধান কার্যালয় ইস্তেহার নং ৮৪, ডিসিপ্লিন এন্ড আপিল ডিভিশন ইস্তেহার নং-৮৫১) জারি করা হয়েছে (কপি সংযুক্ত)। |
| **ব্যাংকের ব্যয় হ্রাস :** | ব্যাংকের ব্যয় হ্রাসকল্পে ব্যয় স্থগিত/হ্রাসকরণ, ব্যয় সাশ্রয় ও কৃচ্ছসাধনের জন্য যথাক্রমে ১৯/০৭/২০২২ তারিখে ২৪৮ ও ১৫/০৯/২০২২ তারিখে ৩০৩ সংখ্যক পত্রে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| **গ্রাহকের ব্যয় হ্রাস :** | গ্রাহকের ব্যয় হ্রাসের জন্য ২৩/১১/২০২২ তারিখে (প্রধান কার্যালয় পরিপত্র নং-৮২, বিডিডি পরিপত্র নং-২৭১) সকল গ্রাহকের আর্থিক সুবিধার কথা বিবেচনায় নিয়ে ব্যাংকের অনলাইন চার্জ পুনঃনির্ধারণ করত হ্রাস করা হয়েছে। |
| **চেক হারানোর ঝুঁকি কমানোর পদ্ধতি :** | চেক বইয়ের ব্যবহার কমিয়ে অনলাইনে লেনদেন উৎসাহিত করার জন্য সোনালী ই-ওয়ালেট (Sonali e-Wallet) মোবাইল অ্যাপস চালু করা হয়েছে। যার মাধ্যমে প্রবাসীগণ বিদেশে থেকেই উক্ত অ্যাপস ব্যবহার করার সুবিধা পাচ্ছেন। এছাড়া সোনালী ই-সেবা (e-Sheba) মোবাইল অ্যাপসের মাধ্যমে শিক্ষার্থীগণ ঘরে বসেই ২(দুই) মিনিটেই স্কুল ব্যাংকিং হিসাব খুলতে পারছেন; পুলিশ ক্লিয়ারেন্স সার্টিফিকেট প্রাপ্তির জন্য টাকা জমা নেয়া সহজীকরণ ও অটোমেশন করা হয়েছে। DDP Payment System অটোমেশন করা হয়েছে। Sonali e-Wallet এর মাধ্যমে QR Code ব্যবহার করে অনলাইনে লেনদেন পদ্ধতি চালু করা হয়েছে। ডেবিট-ক্রেডিট কার্ডের ব্যবহার বৃদ্ধি পাওয়ার ফলে অক্টোবর-ডিসেম্বর ২০২২ ত্রৈমাসিকে লেনদেনের সংখ্যা প্রায় ২৫ লক্ষ এবং টাকার পরিমাণ প্রায় ২১৭৫ কোটি টাকা। |

শ্রদ্ধান্তে,

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সাফায়েত হোসেন পাটওয়ারী)
জেনারেল ম্যানেজার ও ফোকাল পয়েন্ট, প্রধান কার্যালয়স্থ নৈতিকতা কমিটি
টেলিফোন নম্বর: ৪৭১১৪৯২৬
ইমেইল: gmhrmd@sonalibank.com.bd

(c3) Internal letter-Marouf NIS - 2022-23+

OK

The Financial Express
Page 8
www.thefinancialexpress.com.bd
www.fe-bd.com /febdonline
Sunday, January 8, 2023

Continued to page 7 Col. 7




Editor: Shamsul Huq Zahid, Published by Syed Manzur Elahi for the International Publications Limited from 1 RK Mission Road, Dhaka-1000 Telephone : PABX : 02223389780 (Hunting), Mobile : 01917231083 Fax : 02223387049.

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন)
(বাজেট এন্ড বাজেটারি কন্ট্রোল ডিপার্টমেন্ট)
প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০। বাংলাদেশ।
ফোন- ০২২২৩৩৮৪১৯৫, ০২২২৩৩৮১৪১০

সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার

নং-প্রকা/ সিএডি (অপারেশন)/বাবাকডি/২৪৮
তারিখঃ ১৯ জুলাই ২০২২

জেনারেল ম্যানেজার/কোম্পানি সেক্রেটারি/চিফ ইঞ্জিনিয়ার/প্রিন্সিপাল/
ডেপুটি জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/এজেন্ট ব্যাংকিং প্রকল্প/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/স্থানীয় কার্যালয়/
বঙ্গবন্ধু এভিনিউ কর্পোঃ শাখা/রমনা কর্পোঃ শাখা/স্টাফ কলেজ/
সকল প্রিন্সিপাল অফিস/সকল কর্পোরেট শাখা/প্রতিনিধি অফিস-জেদ্দা,কুয়েত,রিয়াদ/
ট্রেনিং ইনস্টিটিউট/সকল শাখা
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ/বহিঃ বাংলাদেশ।

'ই-মেইল যোগে'

*(অফিস/শাখাপ্রধানের ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করা হলো)*

প্রিয় মহোদয়,

২০২২ সালে বরাদ্দকৃত পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।

উপর্যুক্ত বিষয়ে অর্থমন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর ০৩ জুলাই ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-০১, বাজেট-১১ শাখার ০৩ জুলাই ২০২২ তারিখের ০৭.০০.০৮০০.১১১.০১. ০০১. ২০২২-৩৩৫, ব্যয় ব্যবস্থাপনা-৬ অধিশাখার ১২ মে ২০২২ তারিখের ০৭.১৫৬.০২৬.০০.০১.২০০৪ (অংশ-২)-৪০৩ এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-১ অধিশাখার ১৬ মে ২০২২ তারিখের ০৭.০০.০০০০.১২৬.৩১.০০১.১৯-৭৬ সংখ্যক পরিপত্রসমূহের সূত্রোল্লেখ্য (কপি সংযুক্ত)।

২.০০: উপরিউক্ত পরিপত্রসমূহে বর্তমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধনের অংশ হিসেবে ২০২২ সালে রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়ঃ

(ক) নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় (মোটরযান, জলযান, আকাশযান) বন্ধ থাকবে;

(খ) শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় আপ্যায়ন ব্যয়, ভ্রমণ ব্যয়, অন্যান্য মনিহারি, কম্পিউটার ও আনুষঙ্গিক, বৈদ্যুতিক সরঞ্জামাদি ও আসবাসপত্র খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(গ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণ খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(ঘ) অপরিহার্য ব্যয় ব্যতীত বিভিন্ন মূল্যায়ন কমিটির সভায় সম্মানী বাবদ কোন অর্থ ব্যয় করা যাবে না; এবং

(ঙ) পুনরাদেশ না দেয়া পর্যন্ত ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণসহ সকল প্রকার বৈদেশিক ভ্রমণ বন্ধ থাকবে।

৩.০০: তাছাড়া, মাননীয় প্রধানমন্ত্রী ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট বক্তৃতায় সর্বক্ষেত্রে কৃচ্ছ্রতা সাধনের নীতি অবলম্বন করার নির্দেশনা দিয়েছেন। পরিচালনা পর্ষদের ০৭ জুন ২০২২ তারিখের ৭৭৮তম সভায় ব্যাংকের পরিচালন ব্যয়সহ মোট ব্যয় নিয়ন্ত্রণে রাখার এবং বাজেট বরাদ্দ ব্যতীত কোন খাতেই ব্যয় নির্বাহ না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, কোভিড-১৯ পরবর্তী বৈশ্বিক অর্থনৈতিক অস্থিতিশীলতা, রাশিয়া-ইউক্রেন যুদ্ধের প্রভাবে দ্রব্য ও সেবামূল্য বৃদ্ধি এবং সম্প্রতি ভয়াবহ বন্যার প্রাদুর্ভাবের কারণে ব্যাংকের ব্যবসায়িক কার্যক্রম নানাবিধ চ্যালেঞ্জের সম্মুখীন।

চলমান পৃষ্ঠা-০২

৪.০০: বর্তমান চ্যালেঞ্জিং সময় মোকাবেলা করে ব্যাংকিং সেক্টরে এ ব্যাংকের শীর্ষ অবস্থান সমুন্নত রাখার লক্ষ্যে ব্যাংকিং ব্যবসা প্রসারের পাশাপাশি পরিচালন দক্ষতা প্রদর্শনপূর্বক পরিহারযোগ্য ও নিয়ন্ত্রণযোগ্য ব্যয় যথাসম্ভব হ্রাসের লক্ষ্যে কর্তৃপক্ষ নিম্নোক্ত প্রস্তাবসমূহ অনুমোদন করেনঃ

(ক) এমপ্লয়িজ ওয়েলফেয়ার এন্ড ট্রান্সপোর্ট ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকাকে আগামী জুন ২০২৩ পর্যন্ত নতুন/প্রতিস্থাপক হিসেবে সকল প্রকার যানবাহন ক্রয় (মোটরযান, জলযান, আকাশযান) বন্ধ রাখা;
(খ) প্রধান কার্যালয়সহ সকল জিএমও/পিও/কর্পোরেট শাখা পর্যায়ে বিভিন্ন মূল্যায়ন কমিটির সভার সম্মানী বাবদ কোন অর্থ ব্যয় না করা;
(গ) প্রধান কার্যালয়সহ সকল জিএমও/পিও/কর্পোরেট শাখা/শাখা পর্যায়ে শুধুমাত্র জরুরি ও অপরিহার্য ক্ষেত্র বিবেচনায় আপ্যায়ন ব্যয়, ভ্রমণ ব্যয়, অন্যান্য মনিহারি, কম্পিউটার ও আনুষঙ্গিক, বৈদ্যুতিক সরঞ্জামাদি ও আসবাসপত্র খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা;
(ঘ) দেশের অভ্যন্তরে প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণ খাতে (প্রশিক্ষণ প্রতিষ্ঠান ব্যতীত) বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিদেশে ওয়ার্কশপ/সেমিনারে অংশগ্রহণসহ সকল প্রকার বৈদেশিক ভ্রমণ বন্ধ রাখা;
(ঙ) বুনিয়াদি প্রশিক্ষণ ব্যতীত ব্যাংকের সকল প্রকার প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার ভার্চুয়ালি সম্পাদন করা;
(চ) প্রধান কার্যালয়ের আইটি ডিভিশন ও এজেন্ট ব্যাংকিং বাস্তবায়ন প্রকল্পের যাবতীয় প্রশিক্ষণ On Line এ সম্পাদন করা; এবং
(ছ) অধিকাল ভাতা খাতে অবশিষ্ট সময়ের জন্য অর্থ ব্যয় হ্রাসকরণ।

৫.০০: এমতাবস্থায়, কর্তৃপক্ষের উপরিউক্ত সিদ্ধান্তসমূহ যথাযথ পরিপালন এবং ২০২২ সালে আপনাদের কার্যালয়/শাখায়/ডিভিশনে অপরিহার্য ব্যয় ব্যতীত অন্যান্য খাতে বরাদ্দকৃত বাজেটের অব্যয়িত অংশের ব্যয় ৫০% এর মধ্যে সীমাবদ্ধ রাখার জন্য পরামর্শ দেয়া হলো।

বিষয়টি অতীব জরুরী ও গুরত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(সুভাষ চন্দ্র দাস এফসিএ, এফসিএমএ)
জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন)
(বাজেট এন্ড বাজেটারি কন্ট্রোল ডিপার্টমেন্ট)
প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০। বাংলাদেশ।
ফোন- ০২২২৩৩৮৪১৯৫, ০২২২৩৩৮১৪১০

সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার

নং-প্রকা/ সিএডি (অপারেশন)/বাবাকডি/ ৩০৩
তারিখঃ ১৫ সেপ্টেম্বর ২০২২

জেনারেল ম্যানেজার/কোম্পানি সেক্রেটারি/চিফ ইঞ্জিনিয়ার/প্রিন্সিপাল/
ডেপুটি জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ)
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/এজেন্ট ব্যাংকিং প্রকল্প/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/স্থানীয় কার্যালয়/
রমনা কর্পোঃ শাখা/বঙ্গবন্ধু এভিনিউ কর্পোঃ শাখা/
স্টাফ কলেজ/সকল প্রিন্সিপাল অফিস/সকল কর্পোরেট শাখা/প্রতিনিধি অফিস-জেদ্দা, কুয়েত, রিয়াদ/
ট্রেনিং ইনস্টিটিউট/ ইন্ডিয়া অপারেশন (কলকাতা/শিলিগুড়ি শাখা)
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ/বহিঃ বাংলাদেশ।

'ই-মেইল যোগে'
(অফিস/শাখাপ্রধানের ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করা হলো)

মহোদয়,

**কোভিড-১৯ জনিত অর্থনৈতিক অভিঘাত এবং চলমান রাশিয়া-ইউক্রেন যুদ্ধ পরিস্থিতিতে বিশ্বব্যাপী জ্বালানি, খাদ্য ও নিত্যপণ্যের মূল্য বৃদ্ধির প্রেক্ষাপটে ব্যয়-সাশ্রয় ও কৃচ্ছ্রসাধন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ০৫ সেপ্টেম্বর ২০২২ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৫ সংখ্যক পত্রের সূত্রোল্লেখ্য (কপি সংযুক্ত)।

২.০০: উপরিউক্ত পত্রের নির্দেশনা অবহিতকরণ এবং সিদ্ধান্তের জন্য দপ্তর ভাষ্য কর্তৃপক্ষ সমীপে উপস্থাপন করা হলে কর্তৃপক্ষ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন ঃ

ক) জ্বালানি (পেট্রোল, ডিজেল, গ্যাস ইত্যাদি), ওয়েল ও লুব্রিকেন্ট এর ব্যবহার ২০ শতাংশ বা ততোধিক কমিয়ে আনার ক্ষেত্রে গৃহিত ব্যবস্থা চলমান রাখতে হবে। এক্ষেত্রে বরাদ্দকৃত জ্বালানির অপব্যবহার (যেমন: ব্যক্তিগত কাজে বিধি-বহির্ভূতভাবে অফিসের গাড়ির ব্যবহার, প্রাধিকার বহির্ভূত গাড়ি বরাদ্দ ইত্যাদি) রোধকল্পে দৃষ্টান্তমূলক পদক্ষেপ গ্রহণ;

খ) বিদ্যুতের ব্যবহার ২৫ শতাংশ বা ততোধিক কমিয়ে আনার বিষয়ে কার্যকর ব্যবস্থা জোরদার করতে হবে। এক্ষেত্রে, বিদ্যুৎ অপব্যবহারের ক্ষেত্রসমূহ (যেমন: প্রাধিকারের বাইরে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার, অপ্রয়োজনীয় বিদ্যুৎ-বাতি প্রজ্বলন, গিজার, বৈদ্যুতিক কেটলি, বৈদ্যুতিক সরঞ্জামের অধিক/অপ্রয়োজনীয় ব্যবহার ইত্যাদি) চিহ্নিত করে বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণ;

গ) বিদ্যুৎ ও জ্বালানি ব্যয় সাশ্রয়/হ্রাসকরণের লক্ষ্যে এ বিভাগের ৩১ জুলাই ২০২২ তারিখের প্রকা/সিএডি (অপারেশন)/বাবাকডি/২৭৯ সংখ্যক পত্র এবং ১৯ জুলাই ২০২২ তারিখের প্রকা/সিএডি (অপারেশন)/ বাবাকডি/২৪৮ সংখ্যক পত্রের নির্দেশনাসমূহ যথাযথ বাস্তবায়ন; এবং

ঘ) প্রতি মাসে বাস্তবায়ন পর্যালোচনা এবং পূর্ববর্তী মাসের তুলনায় খরচ/ব্যয় সাশ্রয় হল কিনা তা তদারকিকরণ।

চলমান পৃষ্ঠা-০২

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited

সেন্ট্রাল একাউন্টস ডিভিশন (অপারেশন)
(বাজেট এন্ড বাজেটারি কন্ট্রোল ডিপার্টমেন্ট)
প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০। বাংলাদেশ।
ফোন- ০২২২৩৩৮৪১৯৫, ০২২২৩৩৮১৪১০

সুবর্ণ জয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার



৪.০০: এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক নিম্নোক্ত ছকে বর্ণিত তথ্যাদি প্রধান কার্যালয়ের সকল বিভাগ/জিএমও/পিও/কর্পোঃ শাখা/স্টাফ কলেজ/ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক মাসিক ভিত্তিতে সেপ্টেম্বর ২০২২ হতে প্রতি মাসের ১০ তারিখে এবং আগস্ট মাসের তথ্য ২০ সেপ্টেম্বর ২০২২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ঃ

(হাজার টাকায়)

| ক্রঃ নং | খাতের নাম | ২০২২ সালে প্রাক্কলিত বাজেট | বর্তমান মাস পর্যন্ত খাতওয়ারি ব্যয়ের পরিমাণ | জুলাই ২০২২ মাসে ব্যয়ের পরিমাণ | আগস্ট ২০২২ মাসে ব্যয়ের পরিমাণ | তুলনামূলক ব্যয় (-)হ্রাস/(+) বৃদ্ধি (৫-৬) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ০১ | জ্বালানী (পেট্রোল,মবিল,ডিজেল) | | | | | |
| ০২ | বিদ্যুৎ | | | | | |
| ০৩ | আপ্যায়ন ভাতা | | | | | |
| ০৪ | অধিকাল ভাতা | | | | | |
| ০৫ | প্রশিক্ষণ | | | | | |
| ০৬ | মনিহারি | | | | | |
| ০৭ | কম্পিউটার ও আনুষঙ্গিক (মেরামত) | | | | | |
| ০৮ | কম্পিউটার ও আনুষঙ্গিক (ক্রয়) | | | | | |
| ০৯ | আসবাবপত্র (মেরামত) | | | | | |
| ১০ | আসবাবপত্র (ক্রয়) | | | | | |
| ১১ | সম্মানী (মূল্যায়ন কমিটি) | | | | | |
| ১২ | বৈদ্যুতিক সরঞ্জামাদি (মেরামত) | | | | | |
| ১৩ | বৈদ্যুতিক সরঞ্জামাদি (ক্রয়) | | | | | |
| মোট | | | | | | |

বিষয়টি অতীব জরুরী ও গুরত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মাসুদুর রহমান)
ডেপুটি জেনারেল ম্যানেজার

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার

প্রধান কার্যালয় পরিপত্র নং- ৮২ তারিখ ঃ ২৩ নভেম্বর, ২০২২
বিডিডি পরিপত্র নং- ২৭১

জেনারেল ম্যানেজার/কোম্পানী সেক্রেটারী/চীফ ফিন্যান্সিয়াল অফিসার/
চীফ ইনফরমেশন টেকনোলজি অফিসার/চীফ অডিট অফিসার/চীফ ল' অফিসার/
সিইও/জেনারেল ম্যানেজার ইনচার্জ/প্রিন্সিপাল/ডেপুটি জেনারেল ম্যানেজার/চীফ সিকিউরিটি অফিসার/
ডেপুটি জেনারেল ম্যানেজার (ইনচার্জ)/এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার,
সোনালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়/
সকল জেনারেল ম্যানেজার'স অফিস/স্থানীয় কার্যালয়/বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা/
রমনা কর্পোরেট শাখা/ওয়েজ আর্নার্স কর্পোরেট শাখা, ঢাকা/সোনালী ইনভেস্টমেন্ট লিমিটেড/
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন/সেল প্রধান/সকল প্রিন্সিপাল অফিস/স্টাফ কলেজ/ট্রেনিং ইনস্টিটিউট/
পরিদর্শন ও নিরীক্ষা দল/সকল কর্পোরেট শাখা/সকল শাখা, বাংলাদেশ; কোলকাতা ও শিলিগুড়ি শাখা, ভারত;
সোনালী ব্যাংক (ইউকে) লিমিটেড, ইউকে,সোনালী এক্সচেঞ্জ কোম্পানী (ইনকর্পোরেটেড),ইউএসএ এবং
সকল রিপ্রেজেনটেটিভ অফিস।

বিষয় ঃ অন্যান্য ব্যাংক এর সাথে সামঞ্জস্য রেখে এবং সকল গ্রাহকের আর্থিক সুবিধার কথা বিবেচনায় নিয়ে অত্র ব্যাংকের অনলাইন চার্জ পুনঃনির্ধারণ প্রসংগে।

মহোদয়,

সোনালী ব্যাংক লিমিটেড এর সকল শাখা ১৭ ডিসেম্বর, ২০১৭ তারিখ হতে সিবিএস এর আওতায় সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। সর্বশেষ ০৩ জানুয়ারী, ২০১৯ তারিখের প্রধান কার্যালয়ের পরিপত্র নং ৯১৮ মোতাবেক Online (CBS to CBS) লেনদেনের ক্ষেত্রে সার্ভিস চার্জ পুনঃনির্ধারণ করা হয়। কিন্তু বিভিন্ন ব্যক্তিক ও সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের চাহিদার প্রেক্ষিতে ও অন্যান্য ব্যাংকের বিদ্যমান চার্জের কথা বিবেচনায় নিয়ে ব্যাংকের ব্যবসা বৃদ্ধি তথা অন্যান্য ব্যাংকের সাথে প্রতিযোগীতায় টিকে থাকা ও আমানত ধরে রাখার লক্ষ্যে বিনা চার্জে/ হ্রাসকৃত চার্জে ফান্ড ট্রান্সফার এর বিষয়টি বিবেচনা করা আবশ্যক। এ বিষয়ে ০৭/১১/২০২২ তারিখের প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত ব্যবসা উন্নয়ন কমিটির ৮৪ তম সভায় Online (CBS to CBS) চার্জ পুনঃনির্ধারণ করা হয়।

২.০০ঃ এমতাবস্থায়, কর্তৃপক্ষীয় অনুমোদনক্রমে প্রধান কার্যালয়ের পরিপত্র নং-৯১৮, তারিখ ০৩ জানুয়ারী, ২০১৯ এর ১০.০০ নং ও ১১.০০ নং ক্রমিকে সংশোধন/সংযোজনপূর্বক নিম্নোক্তভাবে চার্জ পুনঃনির্ধারণ করে সার্কুলার জারী করা হলো যা অবিলম্বে কার্যকর হবেঃ

**১০.০০ নং অনুচ্ছেদে পরিবর্তন ঃ**

(ক) সোনালী ব্যাংকের হিসাবধারী ব্যক্তি ও সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের হিসাবধারী গ্রাহকের জন্য Online (CBS to CBS) লেনদেনের পুনঃনির্ধারিত সার্ভিস চার্জ ঃ

| ষান্মাসিক লেনদেনের পরিমান | ষান্মাসিক সার্ভিস চার্জ (ভ্যাট ব্যতীত) |
|---|---|
| ০১-০৬টি লেনদেন | ফ্রি |
| ০৭-২০টি লেনদেন | ৫০.০০ টাকা। |
| ২১-৪০টি লেনদেন | ১০০.০০ টাকা। |
| ৪১টি ও তদূর্ধ | ১৫০.০০ টাকা। |

উল্লেখিত চার্জসমূহ ষান্মাসিক ভিত্তিতে প্রেরকের হিসাব হতে কর্তন করা হবে।

চলমান পাতা-০২

Hanif-Letter/i ফোন ঃ ০২-২২৩৩৮৭২৬৩, ০২২২৩৩৮৭৫৪০, ৪৭১১১২৮৩; ই-মেইল ঃ dgmmdd@sonalibank.com.bd

**(খ)** সোনালী ব্যাংকের হিসাবধারী বেসরকারী প্রতিষ্ঠানের প্রতিটি লেনদেনের জন্য Online (CBS to CBS) **পুনঃনির্ধারিত সার্ভিস চার্জ ঃ**

| টাকার পরিমান/লেনদেন সীমা | পুনঃ নির্ধারনকৃত সার্ভিস চার্জ(ভ্যাট ব্যতীত) |
|---|---|
| ১০,০০০/-টাকা পর্যন্ত | ২০/- |
| ১০,০০১/- টাকা থেকে ৫০,০০০/- টাকা পর্যন্ত | ২৫/- |
| ৫০,০০১/-টাকা থেকে ১,০০,০০০/-টাকা পর্যন্ত | ৫০/- |
| ১,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০০/-টাকা পর্যন্ত | ১০০/- |
| ৫,০০,০০১/-টাকা থেকে ১০,০০,০০০/-টাকা পর্যন্ত | ১৫০/- |
| ১০,০০,০০১/-টাকা থেকে ২৫,০০,০০০/-টাকা পর্যন্ত | ২৫০/- |
| ২৫,০০,০০১/-টাকা থেকে ৫০,০০,০০০/-টাকা পর্যন্ত | ৪০০/- |
| ৫০,০০,০০১/-টাকা থেকে ১,০০,০০,০০০/-টাকা পর্যন্ত | ৫০০/- |
| ১,০০,০০,০০১ হতে তদূর্ধ্ব | ১,০০,০০,০০১ হতে তদূর্ধ্ব প্রতি কোটি বা এর ভগ্নাংশের জন্য ১০০/- টাকা হারে অতিরিক্ত চার্জ প্রদেয় হবে, অর্থাৎ এক্ষেত্রে চার্জের পরিমান হবে ৫০০ টাকা+ অতিরিক্ত চার্জ, তবে তা সর্বোচ্চ ২৫০০/- টাকার অধিক হবে না। |

**(গ)** এ ব্যাংকের হিসাবধারী নয় এরূপ গ্রাহকের (Walk in Customer) প্রতিটি লেনদেনের জন্য Online পুনঃনির্ধারিত **সার্ভিস চার্জ ঃ**

| টাকার পরিমান/লেনদেন সীমা | পুনঃ নির্ধারনকৃত সার্ভিস চার্জ(ভ্যাট ব্যতীত) |
|---|---|
| ১০,০০০/-টাকা পর্যন্ত | ২০/- |
| ১০,০০১/- টাকা থেকে ৫০,০০০/- টাকা পর্যন্ত | ২৫/- |
| ৫০,০০১/-টাকা থেকে ১,০০,০০০/-টাকা পর্যন্ত | ৫০/- |
| ১,০০,০০১/- টাকা থেকে ৫,০০,০০০/-টাকা পর্যন্ত | ১০০/- |
| ৫,০০,০০১/-টাকা থেকে ১০,০০,০০০/-টাকা পর্যন্ত | ১৫০/- |
| ১০,০০,০০১/-টাকা থেকে ২৫,০০,০০০/-টাকা পর্যন্ত | ৫০০/- |
| ২৫,০০,০০১/-টাকা থেকে ৫০,০০,০০০/-টাকা পর্যন্ত | ১২০০/- |
| ৫০,০০,০০১/-টাকা থেকে ১,০০,০০,০০০/-টাকা পর্যন্ত | ২০০০/- |
| ১,০০,০০,০০১ হতে তদূর্ধ্ব | ১,০০,০০,০০০/-টাকা পর্যন্ত ২০০০/-, পরবর্তী প্রতি ৫০,০০,০০১/-টাকা পর্যন্ত ৫০০/- টাকা হারে প্রদেয় হবে। |

**উল্লেখ্য, Walk in Customer এর ক্ষেত্রে ২৫,০০,০০০/- এর অধিক নগদ টাকা তাৎক্ষনিক জমা নেয়া যাবে না।**

**১১.০০ নং অনুচ্ছেদে পরিবর্তন ঃ**

## Online এর মাধ্যমে সার্ভিস চার্জ কর্তন না করা সংক্রান্ত নির্দেশনাঃ

০১. নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক তার কর্মকর্তা/কর্মচারীদের মাসিক বেতন বা পারিশ্রমিক প্রদানের ক্ষেত্রে যদি নিয়োগকর্তার হিসাব সোনালী ব্যাংকে থাকে তবে সে সকল হিসাব হতে এ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীর বেতন হিসাবে অর্থ প্রেরণে কোন চার্জ প্রযোজ্য হবে না।

চলমান পাতা-০৩

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
বিজনেস ডেভেলপমেন্ট ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার



০২. এ ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারী(বর্তমান ও সাবেক) এর সঞ্চয়ী হিসাব/বেতন হিসাব হতে সকল শাখায় অর্থ প্রেরণে কোন চার্জ আদায় করা যাবে না। তবে শর্ত থাকবে যে, মাসে ৫টি লেনদেনের অধিক হতে পারবে না এবং প্রতিটি লেনদেন ১.০০ লক্ষ টাকার মধ্যে থাকবে।

০৩. **শর্তাবলীঃ**

ক. Online এর মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে সার্ভিস চার্জের সাথে প্রযোজ্য হারে ভ্যাট আদায় করতে হবে।

খ. হিসাবধারী গ্রাহক বলতে সোনালী ব্যাংকের যে কোন শাখায় যে কোন হিসাব থাকাকে বুঝায়।

গ. একই ক্লিয়ারিং হাউজ যা একই জেলার শাখার মধ্যে লেনদেনের ক্ষেত্রেও একই সার্ভিস চার্জ প্রযোজ্য।

ঘ. তাছাড়া, বাংলাদেশ ব্যাংক রেমিটেন্স ফ্যাসিলিটির আওতায় এই ব্যাংকের চেস্ট শাখায় যে সকল বাণিজ্যিক ব্যাংক (সরকারী/বেসরকারী) চলতি হিসাব পরিচালনা করে থাকে, তাদের অতিরিক্ত ফান্ড স্থানান্তরের ক্ষেত্রে সপ্তাহে ২(দুই)বার ফ্রি রেমিটেন্স সুবিধা প্রদানের নির্দেশনা বহাল থাকবে।

ঙ. লেনদেনকৃত অর্থের প্রকৃত কমিশনের আনুপাতিক হারে ভ্যাট আদায়যোগ্য হবে( পত্র নং-৮(৮) মূসক নীঃও বাঃ/৯৯ (অংশ-১)/৯৫;তারিখ ২৮ জুলাই,২০০৮)।

**প্রধান কার্যালয়ের পরিপত্র নং-৯১৮, তারিখ ০৩ জানুয়ারী, ২০১৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।**

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জসীম উদ্দিন খান)
ডেপুটি জেনারেল ম্যানেজার

(মোঃ মনিরুজ্জামান)
জেনারেল ম্যানেজার

সোনালী ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা।
প্লট # ০৬, সেক্টর # ০৮, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
ফোন ঃ ৫৮৯৫৭৭২৬ প্রিন্সিপাল
৫৮৯৫৭৭২৯ এজিএম (প্রশিক্ষণ)
৫৮৯৫৭৭৪৮ এজিএম (প্রশাসন)
৫৮৯৫৬৫২৯ এজিএম (হাউজ)
৫৮৯৫০৯৬৬ এজিএম (এইচআর)
E-mail: principalsbsc@sonalibank.com.bd

"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

নং- এসবিএসসি/প্রশিক্ষণ/শুদ্ধাচার/২০২২/১০০৯ তারিখঃ ২৬ ডিসেম্বর, ২০২২

ডেপুটি জেনারেল ম্যানেজার
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক লিমিটেড, প্রঃ কাঃ, ঢাকা
এজিএম পলিসি/প্রশাসন/ট্রেনিং/পেফিকেশন/সিকিউরিটি/ইন্টি
প্রাপ্তির তাং ২৭/১২/২২ নং
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
আলাপ করুন
উপস্থাপন করুন ডেপুটি জেনারেল ম্যানেজার

বিষয় ঃ সোনালী ব্যাংক লিমিটেড এর ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (NIS) বাস্তবায়ন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের ২১ ডিসেম্বর, ২০২২ তারিখের এইচআরডিডি/৩৯৯/২৬৯৩ সংখ্যক পত্রের সূত্র উল্লেখ্য।

২.০০ঃ সোনালী ব্যাংক স্টাফ কলেজ, ঢাকার মাধ্যমে ২০২২-২৩ এ অক্টোবর-ডিসেম্বর, ২০২২ ত্রৈমাসিকে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা সংশ্লিষ্ট ১টি প্রশিক্ষণ কর্মশালা আয়োজিত হয় যেখানে মোট ৫৭ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণের তথ্যাদি নিম্নরূপ-

| ক্রমিক | প্রশিক্ষণের শিরোনাম | তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | National Integrity Strategy | ২২ নভেম্বর ২০২২ | ৫৭ |
| মোট | | | ৫৭ |

উপরোক্ত প্রশিক্ষণ আয়োজনের প্রমাণক (ছাড়পত্রের কপি সংযুক্ত) আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(বিশ্বাস মোহাম্মদ মীজানুর রহমান)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক

# সোনালী ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা।

প্লট # ০৬, সেক্টর # ০৮, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
ফোন : ৫৮৯৫৭৭২৬ প্রিন্সিপাল
৫৮৯৫৭৭৪৮ ডিজিএম
৫৮৯৫০৯৬৬ এজিএম (প্রশিক্ষণ)
৫৮৯৫৭৭২৯ এজিএম (প্রশাসন)
৫৮৯৫৬৫২৯ এজিএম (এইচআর)
E-mail principalsbsc@sonalibank.com.bd
dgmsbsc@sonalibank.com.bd


"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"

নং স্টাফ কলেজ/২.১.৭/২০২২/৯৮/ ৯৫৫ তারিখঃ ২২ নভেম্বর, ২০২২

## দপ্তর স্মারক

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এর ২০ নভেম্বর, ২০২২ তারিখের দপ্তর নির্দেশ নং-এইচআরডিডি/প্রশিক্ষণ-৫১১/২০২২/২৩৭৩ মোতাবেক সোনালী ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা কর্তৃক ২২ নভেম্বর, ২০২২ তারিখে অনুষ্ঠিত "National Integrity Strategy" শীর্ষক অনলাইন প্রশিক্ষণ কর্মশালায় নিম্নবর্ণিত ৫৭ (সাতান্ন) জন কর্মকর্তা অংশগ্রহণ করেনঃ

| ক্রঃ নং | নাম, ইনডেক্স নম্বর | পদবি | কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব চয়ন কুমার সাহা (৩৭৩১৮) | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | ইন্টারন্যাশনাল ট্রেড ফাইন্যান্স ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা |
| ০২ | জনাব মোঃ নূরে আলম চৌধুরী (৪২৮৯৮) | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | প্রিন্সিপাল অফিস, ব্রাহ্মণবাড়িয়া |
| ০৩ | জনাব প্রশান্ত বিশ্বাস (৩৭৩২৭) | সিনিয়র প্রিন্সিপাল অফিসার | কোর্ট বিল্ডিং শাখা, ফরিদপুর |
| ০৪ | জনাব মোঃ গোলাম রসূল (৪০১৩৯) | প্রিন্সিপাল অফিসার | ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (আইটি সার্ভিসেস ম্যানেজমেন্ট), প্রঃকাঃ, ঢাকা |
| ০৫ | জনাব মোঃ জয়নাল আবেদীন (৩৮২৭৩) | প্রিন্সিপাল অফিসার | কোর্ট বিল্ডিং শাখা, রাজশাহী |
| ০৬ | জনাব তাসলিমা আইরিন ( ৪২৯৪৭) | প্রিন্সিপাল অফিসার | ময়মনসিংহ কর্পোরেট শাখা, ময়মনসিংহ |
| ০৭ | জনাব মোঃ আবু রুহুল আশোয়ারী (৪২০৭৫) | প্রিন্সিপাল অফিসার | রংপুর কর্পোরেট শাখা, রংপুর |
| ০৮ | জনাব প্রতাপ দত্ত (৪০৬৩৬) | প্রিন্সিপাল অফিসার | বোয়ালমারী শাখা, ফরিদপুর |
| ০৯ | জনাব মোঃ মোজাফ্ফর হোসেন (৩৭৩০১) | প্রিন্সিপাল অফিসার | রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা, রাজশাহী |
| ১০ | জনাব প্রভাতী সরকার (৪৫৪৮৩) | প্রিন্সিপাল অফিসার | প্রিন্সিপাল অফিস, রংপুর |
| ১১ | জনাব মোঃ আমিনুল এহসান (৩৯০৯৩) | প্রিন্সিপাল অফিসার | দৌলতগঞ্জ শাখা, কুমিল্লা |
| ১২ | জনাব এস এম হাফিজুর রহমান (৪২১৪৭) | প্রিন্সিপাল অফিসার | জেনারেল ম্যানেজার'স অফিস, খুলনা |
| ১৩ | জনাব নাজিয়া শাহরিন (৪২৬৭৯) | প্রিন্সিপাল অফিসার | জেনারেল ম্যানেজার'স অফিস, ঢাকা-সাউথ, ঢাকা |
| ১৪ | জনাব এ,কে,এম কামরুল হাসান (৪১৬৫১) | প্রিন্সিপাল অফিসার | প্রিন্সিপাল অফিস, শেরপুর |
| ১৫ | জনাব মোঃ সফিউল আলম (৩৭৭৬০) | প্রিন্সিপাল অফিসার | জয়পুরহাট শাখা, জয়পুরহাট |
| ১৬ | জনাব মোঃ ওমর ফারুক (৪৬৪২৩) | প্রিন্সিপাল অফিসার | ভূঞাপুর শাখা, টাঙ্গাইল |
| ১৭ | জনাব মোসাম্মৎ আয়েশা সিদ্দিকা (৩৯৮৩৪) | প্রিন্সিপাল অফিসার | ময়মনসিংহ কর্পোরেট শাখা, ময়মনসিংহ |
| ১৮ | জনাব মাহমুদা খাতুন (৪০৪১১) | প্রিন্সিপাল অফিসার | জেনারেল ম্যানেজার'স অফিস, রাজশাহী |
| ১৯ | জনাব মোঃ আবিদুর রহমান (৪১৪৬৬) | প্রিন্সিপাল অফিসার | প্রিন্সিপাল অফিস, রংপুর |
| ২০ | জনাব মোঃ হারুন অর রশিদ (৪৯২৩১) | সিনিয়র অফিসার | বিজয়নগর শাখা, ব্রাহ্মণবাড়িয়া |
| ২১ | জনাব মাহফুজ উল্লাহ্ রনি (৪৮৭৮৮) | সিনিয়র অফিসার | গলাচিপা শাখা, পটুয়াখালী |
| ২২ | জনাব মোঃ আশরাফুল আলম (৪২৮৫৭) | সিনিয়র অফিসার | জেনারেল ম্যানেজার'স অফিস, রংপুর |
| ২৩ | জনাব মুনিম বিন মহসিন (৪৮৮৭৩) | এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি) | ইনফরমেশন টেকনোলজি ডিভিশন (ইনফ্রাস্ট্রাকচার আইটি) প্রঃ কাঃ ঢাকা |

# সোনালী ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা।

প্লট # ০৬, সেক্টর # ০৮, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
ফোন ঃ ৫৮৯৫৭৭২৬ প্রিন্সিপাল
৫৮৯৫৭৭৪৮ ডিজিএম
৫৮৯৫০৯৬৬এজিএম (প্রশিক্ষণ)
৫৮৯৫৭৭২৯ এজিএম (প্রশাসন)
৫৮৯৫৬৫২৯ এজিএম (এইচআর)
E-mail: principalsbsc@sonalibank.com.bd
dgmsbsc@sonalibank.com.bd


"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"



| ক্রঃ নং | নাম, ইনডেক্স নম্বর | পদবি | কর্মস্থল |
|---|---|---|---|
| ২৪ | জনাব মোঃ হামিদুল ইসলাম (৪৬৯১৬) | সিনিয়র অফিসার আইটি | প্রিন্সিপাল অফিস, জয়পুরহাট |
| ২৫ | জনাব মোঃ আসলামুল ইসলাম (৩৮৮২৫) | সিনিয়র অফিসার (ক্যাশ) | চকবাজার কর্পোরেট শাখা, ঢাকা |
| ২৬ | জনাব হৃদয় বিশ্বাস (৫১৪৭২) | সিনিয়র অফিসার | শান্তিগঞ্জ শাখা, সুনামগঞ্জ |
| ২৭ | জনাব মো: বদরুজ্জামান(৪৯৫৩৪) | সিনিয়র অফিসার | রানীনগর শাখা, নওগাঁ |
| ২৮ | জনাব মোঃ ইমরান হোসেন (৪৬০৪৯) | সিনিয়র অফিসার | চকবাজার কর্পোরেট শাখা, ঢাকা |
| ২৯ | জনাব সুমন চন্দ্র সেন (৫১১৪০) | সিনিয়র অফিসার | বল্লা বাজার শাখা, টাঙ্গাইল |
| ৩০ | জনাব আসমাউল হুসনা রিমা (৪৩৩৮৪) | সিনিয়র অফিসার | প্রিন্সিপাল অফিস, চাপাইনবাবগঞ্জ |
| ৩১ | জনাব এস এম আব্দুল্লাহ আল-মামুন (৩৫৬১৩) | সিনিয়র অফিসার ক্যাশ | দৌলতপুর কর্পোরেট শাখা, খুলনা |
| ৩২ | জনাব সেলিনা আক্তার (৪৩০৭৫) | সিনিয়র অফিসার | আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্রগ্রাম |
| ৩৩ | জনাব খন্দকার মোঃ এনায়েত উল্লাহ (৪৪৯৬০) | সিনিয়র অফিসার | জেনারেল ম্যানেজার'স অফিস, রংপুর |
| ৩৪ | জনাব কাজী মোঃ সোহেল রানা (৫১৩২৮) | সিনিয়র অফিসার | কোটবাড়ী শাখা, কুমিল্লা |
| ৩৫ | জনাব সুলতানা তালুকদার (৪৪৫৫৯) | সিনিয়র অফিসার | জেনারেল ম্যানেজার'স অফিস, ময়মনসিংহ |
| ৩৬ | জনাব রুখসানা ইয়াসমিন জলি (৪৬৪২১) | সিনিয়র অফিসার | গ্রেটার রোড শাখা, রাজশাহী |
| ৩৭ | জনাব মো: জিয়া উদ্দিন (৪৫২৭২) | সিনিয়র অফিসার | প্রিন্সিপাল অফিস, নোয়াখালী |
| ৩৮ | জনাব মোঃ সাজিদুর রহমান (৪৮২৭৬) | সিনিয়র অফিসার | জেনারেল ম্যানেজার'স অফিস, সিলেট |
| ৩৯ | জনাব নাঈমা ফেরদৌস (৩৪৩৮৭) | সিনিয়র অফিসার আইটি | বিসিক ইন্ডাঃ এষ্টেট শাখা, জামালপুর |
| ৪০ | জনাব মোঃ ফরহাদ (৪৮১৮৮) | সিনিয়র অফিসার | হোসেনপুর শাখা, কিশোরগঞ্জ |
| ৪১ | জনাব মোঃ ইকবাল হোসেন (৪৬৮৭৯) | সিনিয়র অফিসার আইটি | প্রিন্সিপাল অফিস, গাজীপুর |
| ৪২ | জনাব রুপক আহমেদ (৪০৫৪১) | সিনিয়র অফিসার | আটপাড়া শাখা, নেত্রকোনা |
| ৪৩ | জনাব মোঃ আল ফয়সাল রেজা (৫১৭৯০) | সিনিয়র অফিসার | হোমনা শাখা, কুমিল্লা |
| ৪৪ | জনাব মোঃ মাহমুদুল হাসান (৪৮২১৩) | সিনিয়র অফিসার | ধর্মগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ |
| ৪৫ | জনাব মোঃ আব্দুল ওয়াদুদ (৫২১৫৪) | সিনিয়র অফিসার (আইটি) | মুক্তাগাছা শাখা, ময়মনসিংহ |
| ৪৬ | জনাব আমিনুল ইসলাম (৪২১৮০) | সিনিয়র অফিসার | স্টেশন রোড শাখা, কিশোরগঞ্জ |
| ৪৭ | জনাব মোঃ আব্দুল আজিজ (৪৪৮২৩) | সিনিয়র অফিসার | প্রিন্সিপাল অফিস,গাজীপুর |
| ৪৮ | জনাব মোঃ হাসান মাহমুদ (৫০৭১৯) | সিনিয়র অফিসার | প্রিন্সিপাল অফিস, পটুয়াখালী |
| ৪৯ | জনাব আরমান হাসান অনিক (৪৮৪৪৩) | সিনিয়র অফিসার | কাপাসিয়া শাখা, গাজীপুর |
| ৫০ | বেগম হুমায়রা কবির (৪৬৯৩৮) | অফিসার (আইটি) | প্রিন্সিপাল অফিস,পটুয়াখালী |
| ৫১ | জনাব বিজয় কুমার সাহা (৪৬৮৯১) | অফিসার আইটি | প্রিন্সিপাল অফিস, ঘাটাইল |
| ৫২ | জনাব প্রদীপ কুমার শর্মা (৪৪৯৫৫) | অফিসার | হালুয়াঘাট শাখা, ময়মনসিংহ |
| ৫৩ | জনাব দীপ্তি বাড়ৈ (৫১৩০৪) | অফিসার | ফরেন এক্সচেঞ্জ শাখা, নারায়ণগঞ্জ |

# সোনালী ব্যাংক স্টাফ কলেজ, ঢাকা।

প্লট # ০৬, সেক্টর # ০৮, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
ফোন : ৫৮৯৫৭৭২৬ প্রিন্সিপাল
৫৮৯৫৭৭৪৮ ডিজিএম
৫৮৯৫০৯৬৬এজিএম (প্রশিক্ষণ)
৫৮৯৫৭৭২৯ এজিএম (প্রশাসন)
৫৮৯৫৬৫২৯ এজিএম (এইচআর)
E-mail: principalsbsc@sonalibank.com.bd
dgmsbsc@sonalibank.com.bd


"সুবর্ণজয়ন্তীর অঙ্গীকার
সোনালী ব্যাংক হবে সবার"



| | | | |
|---|---|---|---|
| ৫৪ | জনাব ফরিদুজ্জামান (৫০৩৬১) | অফিসার | ছয়ানী বাজার শাখা, নোয়াখালী |
| ৫৫ | জনাব ইমাম হোসেন (৫০৩৩৮) | অফিসার | আগ্রাবাদ কর্পোরেট শাখা, চট্টগ্রাম |
| ৫৬ | জনাব আমাতুল্লাহ শাকেরা (৪৬৭৩৮) | অফিসার (আইটি) | প্রিন্সিপাল অফিস, নারায়ণগঞ্জ |
| ৫৭ | জনাব এ.কে.এম ফজলুল হক (৪৬৬০৫) | অফিসার (আইটি) | বানিয়াচং শাখা, হবিগঞ্জ |

সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দঃ

(বিশ্বাস মোহাম্মদ মীজানুর রহমান)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

সোনালী ব্যাংক লিমিটেড
Sonali Bank Limited
প্রধান কার্যালয়, ঢাকা।

এস্টাব্লিসমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন
এস্টাব্লিসমেন্ট ডিপার্টমেন্ট
ফোন-৪৭১১৮৫৬০
পিএবিএক্সঃ ৩২০৫,৩৩৩০

নং-সওপ্রবি/সংস্থাপন/এইচআরডিডি/জাতীয়শুদ্ধাচার/ ২২৯৯ তারিখ ঃ ২৮.১২.২২

হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক লিমিটেড, প্রঃ কাঃ, ঢাকা।
এজিএম পলিসি/প্রশাসন/ট্রেনিং/পেনিফিকেশন/সিকিউরিটি/
গ্রহনের তারিখ ...... নং ......
প্রয়োজনী ব্যবস্থা নিন
আলাপ করুন
উপস্থাপন করুন ডেপুটি জেনারেল ম্যানেজার

ডেপুটি জেনারেল ম্যানেজার
হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ডিভিশন
সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয় ঃ সোনালী ব্যাংক লিমিটেড এর ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (এনআইএস) বাস্তবায়ন।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের ২১.১২.২০২২ তারিখের ২৬৯৪ সংখ্যক পত্রের চাহিদা মোতাবেক ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ছক অনুযায়ী এ ডিভিশনের প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ করা হলোঃ

